দৈনিক ..কিলাব

তারিখ ... AUG 27 1989
পৃষ্ঠা ১২ কলাম ১

### ক্যাডেট কলেজসমূহ ফলাফলের শীর্ষে

# মেধাবী ছাত্র-ছাত্রীরা কম্পিউটার সায়েন্সে উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী

**মোঃ আবদুর রহিম ॥** এবারের এইচএসসি পরীক্ষার মেধা তালিকায় যারা স্থান করে নিয়েছে তাদের অধিকাংশই ভবিষ্যতে কম্পিউটার সায়েন্সে উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছা ব্যক্ত করেছে। বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী প্রায় সকলেই কম্পিউটার সায়েন্সে পড়াশুনা করতে আগ্রহ প্রকাশ করেছে।

ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় যুগ্মভাবে প্রথম কাজী মোহাম্মদ শামীম আল মামুন ও আরিফুল হক, কুমিল্লা বোর্ডের বিজ্ঞানের মেধা তালিকায় প্রথম মালিহা সুলতানা এবং চট্টগ্রাম বোর্ডের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় প্রথম স্থানপ্রাপ্ত মোহাম্মদ আফজল হোসাইন ও রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগের মেয়েদের মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকারী আয়েশা আক্তার এরা সকলেই কম্পিউটার সায়েন্সে উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্য স্থির করেছে। অপর দিকে বাণিজ্য বিভাগের সম্মিলিত মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ব্যবসা প্রশাসনে উচ্চ শিক্ষা গ্রহণের কথা বলেছে। এক্ষেত্রেও কমার্স গ্রুপের ছাত্র-ছাত্রীরা আকর্ষণীয় জব হান্টিং-এর জন্য সঠিক লক্ষ্যকে বেছে নিয়েছে।

এবারের এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ক্যাডেট কলেজসমূহ ঈর্ষণীয় ফলাফল করেছে। বিজ্ঞান বিভাগে সকল বোর্ডেই ছেলেরা ভাল ফলাফল করেছে। মানবিক বিভাগে কোন কোন বোর্ডে মেয়েরা ভাল ফলাফল করেছে।

ঢাকা বোর্ডের বিজ্ঞান বিভাগে ভিকারুননিসা, ঢাকা কলেজ ও মির্জাপুর ক্যাডেট কলেজ ভাল ফলাফল করেছে। এক্ষেত্রে ছেলেরা ভাল করেছে। মানবিক বিভাগে ঢাকা কলেজ, ভিকারুননিসা কলেজ ও ভিকে আইডিয়াল কলেজ ভাল ফলাফল করেছে। ভাল ফলাফলের ক্ষেত্রে ছেলেদের অবস্থান ভাল। বাণিজ্য বিভাগে কমার্স কলেজ, সিটি কলেজ ফলাফলের শীর্ষে রয়েছে। ছেলেদের অবস্থান ভাল।

কুমিল্লা বোর্ডে বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় সিলেট ক্যাডেট কলেজ অধিকাংশ স্থান দখল করেছে। ছেলেরা ভাল করেছে। বাণিজ্য বিভাগে সরকারী কলেজসমূহের ছেলেরা ভাল করেছে। মানবিক বিভাগেও ছেলেরা ভাল করেছে।

রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগে রংপুর ক্যাডেট কলেজ মেধা তালিকায় ১৮টি স্থান দখল করেছে। মানবিক বিভাগে মেয়েরা ভাল করেছে। বাণিজ্য বিভাগেও মেয়েরা ভাল করেছে।

যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে ঝিনাইদহ ক্যাডেট কলেজ মেধা তালিকায় ১৩টি স্থান দখল করেছে। বরিশাল ক্যাডেট কলেজও ভাল করেছে এবং ৬টি স্থান দখল করেছে। মানবিক বিভাগে মেয়েরা ভাল ফলাফল করেছে। বাণিজ্যে যশোর ক্যান্টনমেন্ট কলেজ ১০টি স্থান দখল করেছে। ছেলেদের অবস্থান ভাল।

চট্টগ্রাম বোর্ডে বিজ্ঞান বিভাগে চট্টগ্রাম কলেজ মেধা তালিকায় ১৪টি স্থান দখল করেছে। ছেলেদের ফলাফল ভাল। মানবিক বিভাগে চট্টগ্রাম কলেজ ভাল ফলাফল করেছে। মেধা তালিকায় ১৫টি স্থান দখল করেছে। বাণিজ্য বিভাগে ইস্পাহানী কলেজ ভাল ফলাফল করেছে। মেয়েরা ভাল করেছে। ১৯ জন মেধা তালিকায় স্থান লাভ করেছে।

এবারের এইচএসসি পরীক্ষার বিভিন্ন বোর্ডের পাসের হারে সামঞ্জস্যতা নেই। যশোর ও কুমিল্লা বোর্ডে পাসের হার যেখানে শতকরা ৪০ থেকে ৪৫ ভাগ চট্টগ্রাম ও রাজশাহী বোর্ডের পাসের হার শতকরা ৬৮ ও ৬১ ভাগ। আবার ঢাকা বোর্ডের পাসের হার শতকরা ৫২-এর উপরে।

পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে ক্যাডেট কলেজ ও সরকারী কলেজসমূহ ভাল করায় এটাই প্রমাণিত হয়েছে যে, ছাত্র রাজনীতির চেয়ে পড়ালেখার গুরুত্ব যেখানে বেশী সেসব কলেজই পরীক্ষার ফলাফলে ভাল করেছে।